ক্রমিক নং ..............

# বার-বি-কিউ রেষ্টুরেন্ট
# জলসিঁড়ি গলফ ক্লাব

**জলসিঁড়ি গলফ ক্লাবের বার-বি-কিউ রেষ্টুরেন্ট এর ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান (Operator) নিয়োগ এর শর্তাবলী**

১। জলসিঁড়ি গল্ফ ক্লাবের ৩য় তলার ওপেন টেরেস "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট পরিচালনার জন্য ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান (Operator) নিয়োগ করা হবে। "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট জলসিঁড়ি গল্ফ ক্লাবের একটি গুরুত্বপূর্ণ রেষ্টুরেন্ট। রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গ্রাহক সেবায় সুনাম ও পারদর্শিতা বিশেষভাবে বিবেচনা করা হবে। জলসিঁড়ি গল্ফ ক্লাবের "বার-বি-কিউ" রেস্টুরেন্ট এর মান ও সুখ্যাতি বজায় রাখার বিষয়টি সর্বাধিক গুরুত্ব পাবে।

২। জলসিঁড়ি গলফ ক্লাব কর্তৃপক্ষ প্রথম পক্ষ এবং Operating প্রতিষ্ঠান দ্বিতীয় পক্ষ হিসাবে বিবেচিত হবে।

৩। "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্ত হওয়ার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। জলসিঁড়ি গলফ ক্লাব অফিস থেকে ৫,০০০/- (পাঁচ হাজার মাত্র) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে শিডিউল সংগ্রহ করতঃ এর ফটোকপি জমা করতে হবে।

৪। দরপত্র দাখিলকারীকে দরপত্রের সাথে জামানত হিসাবে "Jolshiri Golf Club" (ট্রাস্ট ব্যাংক লিমিটেড, হিসাব নং - ০০০২-০২১০৪৩০১৫৬) এর অনুকূলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার মাত্র) টাকার (ফেরতযোগ্য) পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৫। "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট এর সামনের ওপেন টেরেসসহ কিচেন, রেফ্রিজারেটর রুম, ওয়াশরুম, সিঁড়ি এবং লিফটসহ সর্বমোট প্রায় ৭৮০০ বর্গফুট জায়গা "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট কমপ্লেক্স হিসেবে বিবেচিত হবে। লবিতে গলফ ক্লাবের সাথে সামঞ্জস্য রেখে আধুনিক ডিজাইনের ১০০০ বর্গফুটের (দৈর্ঘ্য ৫০ ফুট এবং প্রস্থ ২০ ফুট) কাঁচ বেষ্টিত একটি শীতাতপ নিয়ন্ত্রিত ইনডোর বসার ব্যবস্থা থাকবে। এছাড়া রেস্টুরেন্টের অবশিষ্ট উন্মুক্ত স্থানে নান্দনিক ক্যানোপি, শেড বা ছাতা আকৃতির কাঠামোর মাধ্যমে সুসজ্জিত বসার ব্যবস্থা ও বিন্যস্ত করতে হবে। "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ লাভের পর "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট এর শীতাতপ নিয়ন্ত্রিত কাচের ঘর নির্মান ও ইন্টিরিওর ডিজাইন, আসবাবপত্র ও আনুসাঙ্গিক সরঞ্জামাদি নিজস্ব ব্যবস্থাপনায় ক্লাবের অনুমোদন সাপেক্ষে করতে হবে।

৬। চূড়ান্ত চুক্তির পূর্বে অফিসার পর্ষদ সকল আবেদনকারী রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানের অফিস, নিজস্ব স্থায়ী জনবল এবং গোডাউন (Ware House) সরেজমিনে পরিদর্শন ও মূল্যায়নের পর ষ্ট্যান্ডার্ড এবং কোয়ালিটি বিবেচনা করে উক্ত রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানকে নির্বাচনের জন্য সুপারিশ করবেন। রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানকে নির্বাচনের ক্ষেত্রে গঠিত পর্ষদের সুপারিশই চূড়ান্ত বলে গন্য করা হবে।

৭। চূড়ান্তভাবে নির্বাচিত সকল রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানকে কাজের জন্য নিরাপত্তা ছাড়পত্র (Security Clearance) নেওয়া হবে। এ সংক্রান্ত আর্থিক খরচাদি রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করবে। কোন প্রতিষ্ঠানের নিরাপত্তা ছাড়পত্র না পাওয়া গেলে তার নাম প্রত্যাহার ও নিরাপত্তা জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

৮। দ্বিতীয় পক্ষ তার নিজ ব্যবস্থাপনায় ৫০' x ২০' শীতাতপ নিয়ন্ত্রিত কাচের ঘর, উন্নত মানের কিচেন ইকুইপমেন্ট, সকল প্রকার তৈজষপত্র, রান্নার সরঞ্জামাদি এবং অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি দ্বারা যথাযথভাবে 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট সজ্জিত করে পরিচালনা করবেন।

৯। অপারেটর হিসাবে চুক্তি সম্পাদনের তারিখে ৫ বৎসরের জন্য এককালীন ৩০,০০,০০০.০০ (ত্রিশ লক্ষ মাত্র) টাকা (অফেরত যোগ্য) এবং ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ মাত্র) টাকা (ফেরত যোগ্য) নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদান করতে হবে।

১০। দ্বিতীয় পক্ষ "বার-বি-কিউ" এর ভাড়া হিসেবে প্রতি মাসে ১,০০,০০০/- (একলক্ষ মাত্র) টাকা মাসের প্রথম ৭ম কার্যদিবসের মধ্যে প্রথম পক্ষকে "Jolshiri Golf Club" (ট্রাস্ট ব্যাংক লিমিটেড, হিসাব নং - ০০০২-০২১০৪৩০১৫৬) এর অনুকূলে পে অর্ডারের মাধ্যমে প্রদান করবেন।

১১। রেষ্টুরেন্টটি জমজমাটভাবে শুরু করার জন্য ৬ মাসের Grace পিরিয়ড প্রদান করা হবে। এই ৬ মাসের জন্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে মাসিক ভাড়া প্রদান করবে।

১২। বার-বি-কিউ রেষ্টুরেন্ট নির্বাচিত পরিচালনা প্রতিষ্ঠান কর্তৃক ইন্টিরিওর ডিজাইন ও নির্মান কাজের ব্যয় ৫০% হারে মাসিক ভাড়া হতে সমন্বয় করা হবে। চুক্তির মেয়াদ শেষ হলে দ্বিতীয় পক্ষ কর্তৃক স্থাপিত ডেকোরেশন, কিচেন ওয়্যার, অতিরিক্ত টেবিল, চেয়ার (যদি প্রয়োজন হয়) অন্যান্য সাজসজ্জা ইত্যাদি উভয় পক্ষের সম্মতিক্রমে প্রচলিত নিয়মানুসারে (Devalue) মূল্যহ্রাস ভিত্তিতে প্রথম পক্ষকে হস্তান্তর করতে পারবে।

১৩। 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট এ ব্যবহৃত বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল মিটার অনুযায়ী প্রথম পক্ষের কর্তৃপক্ষের নিকট প্রতিমাসের প্রথম ৭ম কার্যদিবসের মধ্যে পরিশোধ করবে।

১৪। ডেসকো/পল্লী বিদ্যুৎ কর্তৃক সরবরাহকৃত বৈদ্যুতিক লাইনে কোন ত্রুটি দেখা দিলে বা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার বিষয়টি প্রথম পক্ষ কর্তৃক নিশ্চিত করা হবে। সেক্ষেত্রে দ্বিতীয় পক্ষ আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় সার্ভিস চার্জ প্রদান করবে।

১৫। দ্বিতীয় পক্ষ (Operator) নিম্নলিখিত সার্ভিসের জন্য নির্দিষ্ট পরিমান সার্ভিস চার্জ ১ম পক্ষকে প্রদান করবেঃ

ক। জেনারেটর এবং বিদ্যুৎ ব্যবস্থাপনা।
খ। এলাকা নিরাপত্তা।
গ। পার্কিং।

১৬। "বার-বি-কিউ" রেষ্টুরেন্টের সুনির্দিষ্ট স্থানে প্রথম পক্ষের নিজস্ব ব্যবস্থাপনায় অগ্নিনির্বাপক যন্ত্র (Fire Fighting Equipment) স্থাপন করা আছে। আপদকালীন সময়ে প্রয়োজনে দ্বিতীয় পক্ষ উক্ত অগ্নিনির্বাপক যন্ত্র ব্যবহার করতে পারবে।

১৭। 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট এর ভিতরে ও বাহিরের অংশে সম্পূর্ণ সিসিটিভি এর আওতায় থাকবে।

১৮। "বার-বি-কিউ" রেস্টুরেন্ট এ আগত অতিথিবৃন্দ মেইন এন্ট্রি লবিতে স্থাপিত লিফ্ট এবং সিঁড়ি ব্যবহার করতে পারবেন। এছাড়াও আগত অতিথিদের জন্য বেজমেন্টে কার পার্কিং এর ব্যবস্থা থাকবে।

১৯। রেষ্টুরেন্ট এর বিজনেস আওয়ার সকাল ০৭০০ ঘটিকা হতে রাত ১১০০ ঘটিকা পর্যন্ত জলসিঁড়ি গলফ ক্লাবের মেম্বারসহ সকলের জন্য উন্মুক্ত থাকবে।

২০। উভয় পক্ষের সমন্বয়ে প্রস্তুতকৃত মেনু অনুযায়ী দ্বিতীয় পক্ষ কর্তৃক ক্লাবের সম্মানিত সদস্য ও অন্যান্য সম্মানিত ব্যক্তিবর্গের জন্য পরিচ্ছন্ন, মানসম্পন্ন ও স্বাস্থ্যসম্মত খাদ্য সামগ্রী সরবরাহ করবেন।

২১। জলসিঁড়ি গল্ফ ক্লাবের সকল সম্মানিত সদস্যদের (সর্বোচ্চ ০৬ জন) জন্য সরবরাহকৃত খাবারের নির্ধারিত মূল্যের ২০% ডিসকাউন্ট প্রদান করবেন। সামরিক বাহিনীর সকল সদস্য এবং জলসিঁড়ি গলফ ক্লাবের সদস্যদের (০৬ জনের উপরে) জন্য ১০% মূল্য ছাড় প্রদান করতে হবে।

২২। দ্বিতীয় পক্ষ 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট এর কুক হাউজ, ষ্টোর, ওয়াশিং পয়েন্ট, সার্ভিস ডেলিভারী পয়েন্ট ও তদসংলগ্ন এলাকা নিজস্ব জনবল দ্বারা সর্বদা পরিচ্ছন্ন রাখবে। 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট এর ময়লা/আর্বজনা ১ম পক্ষের সহায়তায় কেন্দ্রীয়ভাবে অপসারন করা হবে।

২৩। দ্বিতীয় পক্ষ বার-বি-কিউ রেষ্টুরেন্ট এর ভিতরে বিভিন্ন অনুষ্ঠানে আগত অতিথিদের সার্বিক জান ও মালের নিরাপত্তার নিশ্চয়তা তাদের নিজস্ব তত্ত্বাবধানে নিশ্চিত করবে। এ ব্যাপারে প্রথম পক্ষের নিরাপত্তা সুপারভাইজার এর সাথে প্রয়োজনীয় সমন্বয় করবে এবং ক্লাবের সার্বিক নিরাপত্তা গঠনতন্ত্রের আওতাভুক্ত (Over All Security) থেকে নিরাপত্তার যাবতীয় কার্যক্রম প্রদান করবে।

২৪। 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট এ নিষিদ্ধ পন্য, পানীয় বহন, সরবরাহ ও পরিবেশন করা সম্পূর্নরূপে নিষিদ্ধ।

২৫। 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট এ রাজনীতি এবং ধর্মীয় বিষয়সমূহ আলোচনা কার্যকলাপ সম্পূর্নরূপে নিষিদ্ধ। দ্বিতীয় পক্ষ নিম্নেবর্ণিত বিষয়সমূহ পালন নিশ্চিত করবেনঃ

ক। ভদ্র ও পরিমার্জিত পোষাক (Dress Code) পরিধান করা।
খ। ব্যানার, ফেষ্টুন, ওয়াল চিত্র অথবা অন্য যে কোন ধরনের বিষয় যা ধর্মীয় বা রাজনৈতিক অনুভূতিতে আঘাত করে তা প্রদর্শন করা যাবে না।
গ। কোন ধরনের পশু, পাখী, সাপ, বানর দিয়ে খেলা দেখানো যাবে না।
ঘ। আগুন দিয়ে নাচ বা শব্দ দূষন হয় এই রকম কোন কার্যক্রম করা যাবে না।

২৬। চুক্তির মেয়াদ শেষে তা পুণরায় বর্ধিত করণের জন্য দ্বিতীয় পক্ষ আবেদন করতে পারবে। দ্বিতীয় পক্ষের সেবার মান প্রথম পক্ষের নিকট সন্তোষজনক হলে চুক্তির মেয়াদ পুণরায় ৫ বছর বর্ধিত করা যেতে পারে।

২৭। এ চুক্তি সম্পাদনের পরবর্তীতে প্রথম পক্ষ যে কোন সময় ০৬ (ছয়) মাসের নোটিশে অত্র চুক্তিপত্র বাতিল করতে পারবে। প্রথম পক্ষ কর্তৃক অত্র চুক্তিপত্র বাতিলের সিদ্ধান্ত গৃহীত হলে, দ্বিতীয় পক্ষ বিনা আপত্তিতে তা মানতে বাধ্য থাকবে। এক্ষেত্রে জমাকৃত ৩০,০০,০০০.০০ (ত্রিশ লক্ষ মাত্র) টাকার মাস ভিত্তিক আনুপাতিক হারে ফেরতের পরিমান নির্ধারিত হবে।

২৮। দ্বিতীয় পক্ষ নিজ অপারগতার কারনে ০৬ (ছয়) মাসের লিখিত নোটিশে অপারেটর হিসেবে নিযুক্তি হতে অব্যাহতি নিতে পারবে। এক্ষেত্রে কোন প্রকার টাকা ফেরত প্রদান করা হবে না।

২৯। চুক্তিপত্র বাতিল করা হলে প্রথম পক্ষ 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট পরিচালনার জন্য যে কোন অপারেটর কে নিয়োগের নিমিত্তে পূনরায় দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষন করে।

৩০। দ্বিতীয় পক্ষ (Operator) 'বার-বি-কিউ' রেষ্টুরেন্ট জলসিঁড়ি গলফ ক্লাব কর্তৃক স্থাপিত বিভিন্ন বৈদ্যুতিক ফিটিংস, গ্যাস সরঞ্জামাদি, পানি সরবরাহ লাইন এবং অন্যান্য সরঞ্জামাদির রক্ষনাবেক্ষন ও নিরাপত্তা নিশ্চিত করবে। এ সকল সরঞ্জামাদির কোন ত্রুটি দেখা দিলে দ্বিতীয় পক্ষ নিজস্ব অর্থ ও ব্যবস্থপনায় রক্ষনাবেক্ষন, মেরামত/পুনঃস্থাপন করবেন।

৩১। চুক্তির মেয়াদ পূর্তির সাথে সাথে 'বার-বি-কিউ' এর ষ্টোর রুম, কিচেন, হল রুম এবং তদসংলগ্ন এলাকা সম্পূর্ন পরিষ্কার পরিচ্ছন্ন এবং প্রয়োজনীয় রক্ষনারেক্ষন/মেরামতের মাধ্যমে সুন্দর এবং উপস্থাপনযোগ্য করে প্রথম পক্ষের নিকট হস্তান্তর করবে। প্রয়োজনে চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই এ সব রক্ষনাবেক্ষন/মেরামত কাজ শুরু করা যাবে।

৩২। প্রথম পক্ষের নিকট কোন গ্রাহক কর্তৃক দ্বিতীয় পক্ষের বিরুদ্ধে যে কোন অভিযোগ উত্থাপিত হলে, তা গুরুত্বর সাথে বিবেচনা করা হবে। অভিযোগ সত্য হিসেবে প্রতীয়মান হলে, প্রথম পক্ষ কর্তৃক অত্র চুক্তিপত্র বাতিল করাসহ যে কোন আইনানুগ ব্যবস্থা গৃহীত হতে পারে। এক্ষেত্রে প্রথম পক্ষ কর্তৃক গৃহীত যে কোন পদক্ষেপ সিদ্ধান্ত হিসেবে বিবেচিত হবে।

৩৩। উভয় পক্ষ অত্র চুক্তিপত্রের বর্ণিত শর্তসমূহ যথাযথভাবে পালনে যত্নবান থাকবে। দ্বিতীয় পক্ষ উল্লেখিত অথবা অনুল্লোখিত সকল যুক্তিসঙ্গত, ন্যয়সঙ্গত আচরণ দ্বারা প্রথম পক্ষের যাবতীয় স্বার্থ সমুন্নত রাখবে। উভয় পক্ষের মধ্যে কোন প্রকারের ভুল বুঝাবুঝি বা মতবিরোধ সৃষ্টি হলে, দ্বিপাক্ষীক আলোচনার মাধ্যমে তা সমাধান করা হবে। যদি তা সম্ভব না হয় সেক্ষেত্রে উভয় পক্ষের সম্মতিক্রমে একজন মধ্যস্থতাকারী নিয়োগপূর্বক তা সমাধান করা হবে। যদি তাও সম্ভব না হয় তাহলে প্রচলিত আরবিট্রেশন এ্যাক্ট বা অন্য কোন আইনের অধীনে মতবিরোধের বিষয়টি সমাধান করা যাবে ।

৩৪। "বার-বি-কিউ" রেষ্টুরেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ লাভে আগ্রহী ব্যবসায়িক প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, TIN এবং BIN এর ফটোকপি জমা করতে হবে। ব্যবসায়িক প্রতিষ্ঠান/ব্যক্তি'র জাতীয় পরিচয়পত্র এবং হাল নাগাদ আয়কর প্রত্যায়নপত্র ও ভ্যাট পরিশোধ সংক্রান্ত নথিপত্রের ফটোকপি জমা করতে হবে।